

PS+YOU

চ্যান্সেলর **মেলিসা অ্যাভিলেস্-রামোস**-এর কাছ থেকে একটি নিউজলেটার













আর্টস্ উদযাপন করছি

প্রিয় পরিবারবর্গ এবং সহকর্মীবৃন্দ,

আমাদের ছেলেমেয়েদের মধ্যে আর্টস্ বা শিল্পকলার যে কী অবিশ্বাস্য প্রভাব রয়েছে, একজন শিক্ষাবিদ ও পিতামাতা হিসেবে আমি তা স্বচক্ষে দেখেছি। শিক্ষার্থীরা রং-তুলি কিংবা কোনো উপকরণ, ক্যামেরাই কিংবা ক্র্যারিনেট তুলে নিক—যখন তারা আর্টস্ অম্বেষণ ও অভিজ্ঞতা অর্জনে নিয়োজিত হয়, তখন তাদের আত্মবিশ্বাস, বিশ্লেষণী চিন্তা করার দক্ষতা, এবং সৃজনশীলতার উন্মেষ ঘটে।

আমাদের স্কুল কমিউনিটিগুলোকে আরও প্রাণবন্ত ও উন্মুক্ত স্থান হিসেবে গড়ে তোলার জন্য NYC পাবলিক স্কুলস্-এ (NYCPS) আমরা আর্টস্ সংক্রান্ত শিক্ষার প্রসারে যে কাজ করছি তা নিয়ে আমি গর্বিত। 2023-24 এবং 2024-25 শিক্ষা বছরের মাঝে আমরা আর্টস্-এর জন্য আমাদের অর্থ বরাদ্দ বাড়িয়েছি এবং আমাদের পুরো সিস্টেম জুড়ে পূর্ণকাল ফুল টাইম আর্টস্ শিক্ষকের সংখ্যা বৃদ্ধি করেছি। আমরা ব্রুকলিনে অবস্থিত NYCPS-এর শিল্পকলা কেন্দ্র -'আর্টসহাব' (ArtsHub)-এ বিনিয়োগ করেছি, যেখানে শিক্ষার্থীরা পেশাদার শিল্পীদের সাথে সম্পৃক্ত হতে পারে এবং শিক্ষাবিদগণ তাদের স্কুলে আর্টস্ কেন্দ্রীক সহায়তা লাভ করতে পারেন। এবং আমরা আমাদের 'স্টুডেন্ট আর্টস্ প্যাথওয়েজ' বৃদ্ধি করেছি, এতে অন্তর্ভুক্ত প্রি-K শিক্ষার্থীদের বেহালা (ভায়োলিন) শিক্ষা, গ্রীষ্মকালের শিল্পকলা কর্মসূচি, এবং ইন্টারবরো স্টিলপ্যান ও ড্রামলাইন ফেস্টিভ্যাল।

নিউ ইয়র্ক সিটির মতো শিল্পকলা সমৃদ্ধ এই শহরের সর্বত্রই রয়েছে শৈল্পিক অনুপ্রেরণা—এবং আমি শিক্ষাবিদ, কমিউনিটি অংশীদার, অনুদান প্রদানকারী, এবং যারা আমাদের ক্লাসক্রমগুলোতে সেই অনুপ্রেরণা নিয়ে আসেন, তাদেরকে ধন্যবাদ জানাচ্ছি। আমাদের শিক্ষার্থীদের কণ্ঠ খুঁজে পেতে এবং নতুন নতুন আগ্রহ জাগ্রত করায় আপনি প্রতিদিন সহায়তা করছেন।

অংশীদারিত্বে,


মেলিসা অ্যাভিলেস-রামোস (Melissa Aviles-Ramos) চ্যান্সেলর

চ্যান্সেলরের স্পটলাইট:

এ সপ্তাহে আমরা NYCPS-এর কেন্দ্রীয় অফিসে আমাদের বার্ষিক <u>আর্টস ইন স্কুল</u> অনুষ্ঠান আয়োজন করেছি, যেখানে আমরা শিল্পকলা শিক্ষার প্রভাবের স্বীকৃতি জানিয়েছি। আয়োজনের অন্তর্ভুক্ত ছিল কমিউনিটি উন্নয়ন ও চর্চা জোরদার করার লক্ষ্যে NYCPS-এর সঙ্গীত শিক্ষকদের জন্য একটি নতুন ফেলোশিপ, 'জ্যাজ হাউজ টিচার ফেলোজ'-দের দ্বারা একটি পরিবেশনা। উদযাপন সম্পর্কিত সারসংক্ষেপ জানতে আমাদের হাইলাইট ভিডিও দেখুন।

কোনো ব্যক্তি অথবা প্রোগ্রামকে চ্যানেলরের স্পটলাইট-এর জন্য এখানে মনোনয়ন দিন।

আমাদের হাইলাইট ভিডিও:



অনুবাদের জন্য, অনুগ্রহ করে আমাদের ইউটিউব পেজ দেখুন।

অনুবাদিত সাবটাইটেল পেতে: "CC" আইকন-এ ক্লিক করুন। "সেটিং" (Setting) আইকন-এ ক্লিক করুন এবং "Subtitles/CC" বেছে নিন। "Auto Translate" (স্বয়ংক্রিয় অনুবাদ) বেছে নিন এবং আপনার ভাষা বেছে নিন।

NYCPS-এর সংবাদ এবং তথ্য-সংস্থান:

- এই ডিসেম্বরে শিক্ষার্থীদের জন্য বিভিন্ন সুযোগসমূহ সম্পর্কে জানতে মর্নিং বেল দেখুন।
- আরও খবর এবং তথ্য-সংস্থানের জন্য, অনলাইনে ফেসবুক, ইনস্টাগ্রাম, X, এবং ইউটিউব-এ NYCPS-কে
 অনুসরণ করুন।
- মেয়র এরিক অ্যাডামস্-এর (Eric Adams) কাছ থেকে ভিডিওর মাধ্যমে সাপ্তাহিক সর্বসাম্প্রতিক তথ্য পেতে

 মিয়রের অফিসের ইউটিউব পেজটি দেখুন। এছাড়াও আপনি মেয়রের অফিস থেকে সরাসরি সর্বসাম্প্রতিক

 তথ্য পেতে সাইন আপ করতে পারেন।

NYCPS পরিবারবর্গ: আপনি এই নিউজলেটারটি আর পেতে না চাইলে, অনুগ্রহ করে <u>আনসাবস্ক্রাইব</u>-এ ক্লিক করুন।